



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।  
www.pmedutrust.gov.bd

নং- ৩৭.২৪.০০.০০০.৯৪.১০৮.২০১৭- ৪০০৯

তারিখ: ৩ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ  
১৮ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর সানুগ্রহ অভিপ্রায় অনুযায়ী দেশের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী যেন আর্থিক অসচ্ছলতার কারণে শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত না হয় সে লক্ষ্যে 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট' গঠিত হয়েছে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে এম.ফিল. ও পিএইচ.ডি কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান নীতিমালা, ২০১৭ অনুযায়ী নিম্নোক্ত অধিক্ষেত্রের উপর বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে নিবন্ধিত বা গবেষণায় নিয়োজিত গবেষককে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে আবেদনপত্র আহবান করা হচ্ছে।

(ক) গবেষণার অধিক্ষেত্র

ক্রমিক নম্বর	গবেষণার অধিক্ষেত্র
১.	সামাজিক বিজ্ঞান (Social Science)
২.	জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Science)
৩.	ভৌত বিজ্ঞান (Physical Science)
৪.	সমুদ্র বিজ্ঞান (Marine Science)
৫.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (Information and Communications Technology)
৬.	টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals, SDGs)
৭.	কলা, মানবিক, বাণিজ্য ও আইন (Arts, Humanities, Commerce and Law)
৮.	জলবায়ু, বন ও পরিবেশ বিজ্ঞান (Climate, Forest and Environmental Science)
৯.	শিক্ষা ও উন্নয়ন (Education and Development)

(খ) ফেলোশিপ ও বৃত্তির হার, অনুদান, তত্ত্বাবধায়ক ও গবেষকের সম্মানী

পিএইচ.ডি এর জন্য নির্বাচিত গবেষককে প্রতিমাসে ১৫,০০০/- (পনের হাজার) টাকা হারে ৩ (তিন) বছর এবং এম.ফিল. কোর্সে প্রতিমাসে ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ২ (দুই) বছর বৃত্তি প্রদান করা হবে। গবেষণার ক্ষেত্র অনুযায়ী পিএইচ.ডি. এর ক্ষেত্রে এককালীন সর্বোচ্চ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা এবং এম.ফিল. এর ক্ষেত্রে এককালীন সর্বোচ্চ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অনুদান প্রদান করা হবে। গবেষণা তত্ত্বাবধায়ককে নীতিমালা অনুযায়ী এককালীন সম্মানী প্রদান করা হবে।

(গ) আবেদনের নিয়ম ও শর্তাবলি

- প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান নীতিমালা, ২০১৭ এ বর্ণিত শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুসরণ করে গবেষককে আবেদন করতে হবে। এ সংক্রান্ত নীতিমালা/আবেদনপত্রের ফরম প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ওয়েবসাইটে (www.pmedutrust.gov.bd) পাওয়া যাবে।
- এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান নীতিমালা, ২০১৭ এ বর্ণিত সকল শর্ত, যোগ্যতা এবং অন্যান্য বিষয়াদি অনুযায়ী যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা আবেদন করতে পারবেন।
- আবেদনকারীকে সোনালী ব্যাংকের যেকোনো শাখা থেকে ৫০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর প্রেরণ করতে হবে এবং প্রেরণকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর কপি আবেদনপত্রে সংযুক্ত করতে হবে।
- নীতিমালা ও শর্ত অনুযায়ী যোগ্যতাসম্পন্ন প্রার্থীর আবেদনই বৈধ বলে বিবেচিত হবে। পূরণকৃত আবেদন ফরম এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর কপি আগামী ০৭/১২/২০১৭ তারিখের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর ডাকযোগে প্রেরণ করতে হবে। আবেদনকারীকে জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।

(ড. মুহম্মদ মনিরুল হক)

সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

ফোন: ৯১২২৫২৪

ইমেইল: mmh.pmeat@gmail.com